মেহেরপুরের চাঁদবিলে পানিবন্দি শতাধিক পরিবার

মেহেরপুরে চাঁদবিল গ্রামের প্রায় শতাধিক পরিবার পানি বন্দি হয়ে পড়েছে। চলাচলের একমাত্র রাস্তাটির প্রায় কয়কশ মিটার তলিয়ে গেছে পানির নিচে। এতে দুর্ভোগে পড়েছে ঐ এলাকার শতাধিক পরিবার।

আমঝুপি ইউনিয়নের ৫নং ওয়ার্ডের এই রাস্তাটি দির্ঘদিন সংস্কারের অভাবে জলাবদ্ধতা তৈরি হয়েছে বলে অভিযোগ এলাকাবাসীর। এছাড়াও বার বার জনপ্রতিনিধিদের দারস্ত হলেও কোন লাভ হয়নি বলে জানান অনেকে।

জলাবদ্ধতার সামনেই আছে ওয়ার্ডের এক মাত্র মসজিদ। পানি জমে থাকার কারনে অনেক বয়স্ক মুসল্লীরা ঠিকমত নামায পড়তে আসতে পারেননা। সেই সাথে কৃষকদের গলার কাটা হয়ে দাড়িয়েছে এই জলাবদ্ধতা। কৃষিপণ্য আনতে বেশ ভোগান্তিতে পড়তে তাদের।
৫ নং ওয়ার্ডবাসী রবিউল ইসলাম বলেন, শুকনো মওসুমে চলাচল করা গেলেও বর্ষাকালে আর সম্ভব হয় না। অল্প বৃষ্টিতেই হাটু পানি হয়ে যায়।
সাইফুল ইসলাম বলেন, বৃষ্টির পানিসহ আশেপাশের বাড়ির ব্যবহৃত পানিও এখানে জমা হয়। আমাদের গ্রামে চলাচলের এই একটি মাত্র রাস্তা। প্রায় সারা বছরই আমাদের এই সমস্যা থেকে যায়।
একই ওয়ার্ডের বাসিন্দা মাসুম বলেন, এই রাস্তা নিয়ে আমরা বেশ কয়েকবার ইউপি সদস্যসহ হুরমত আলী ও চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নুকে সংস্কারের জন্য বলেছি। কিন্তু কোন লাভ হয়নি।
এ বিষয়ে ৫নং ওয়ার্ড ইউপি সদস্য হুরমত আলী জানান, আমি ব্যক্তিগত ভাবে রাস্তাটি চলাচলের উপযোগি করার জন্য বালি দেওয়ার ব্যবস্থা করবো। এছাড়াও রাস্তাটি সংস্কার জন্য উপর মহলে জোর চেষ্টা চলিয়ে যাচ্ছি।
তবে আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিনের সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও তাঁর বক্তব্য পাওয়া যায়নি।

কালিমা অবমানকারীদের বিচারের দাবিতে গাংনীতে উলামা পরিষদের সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া দয়েরপাড়া জামে মসজিদে কালিমা অবমাননাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে সংবাদ সম্মেলন করেছে মেহেরপুর জেলা উলামা পরিষদ ও তওহীদী জনতা।

বিষয়টি সারা বিশ্বের মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে আঘাত বলে আখ্যায়িত করেছেন উলামা পরিষদ নেতৃবৃন্দ।

শুক্রবার বিকালে গাংনী প্রেস ক্লাবে আয়োজিত সংবাদ সম্মেলনে ঘটনার বিস্তারিত তুলে ধরেন জেলার বিভিন্ন এলাকা থেকে সম্মেলনে আগত আলেম-উলামাবৃন্দ।

অনুষ্ঠানে লিখিত বক্তব্য পাঠ করেন মেহেরপুর জেলা উলামা পরিাষদ উপদেষ্ট সদস্য মাও. আব্দুল কাদের।

তিনি বলেন, সাম্প্রতিক সময়ে তেঁতুলবাড়ীয়া দয়েরপাড়া জামে মসজিদের মেহরাবে কালেমা তৈয়বা “লা ইলাহা ইল্লাল্লাহ মাহাম্মদুর রাসুল্লাহ” লেখা টাইলসটি ভেঙ্গে ফেলার মধ্য দিয়ে আল্লাহ ও রাসুলকে অবমাননা করা হয়েছে। আহলে হাদিস মতাবলম্বী শিহাব আলী, একাতারুল মোল্লা, দেলোয়ার হোসেন, আব্দুল্লাহ আল মামুন বকুল এবং মসজিদ কমিটির পক্ষে শফিকুল ইসলাম ওরফে শফি, হাবিবুর রহমান, রমজান আলী, শাহাজান মুন্সি রাতের আধারে কালিমা তৈয়বা লেখা টাইলসটি ভেঙ্গে সারা পৃথিবীর কোটি কোটি ধর্মভীরু মুসলমানদের হৃদয়ে রক্তক্ষরণ করেছেন। তাই মেহেরপুর জেলা উলামা পরিষদ ও তৌহীদী জনতার পক্ষ থেকে ধর্মীয় অনুভূতিতে আঘাত হানা ব্যক্তিদের দৃষ্টান্তমূলক সাজা দাবি করা হয়। এ ঘটনার সাথে জড়িতদের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে আল্লাহ পাকের ও রাসুলে পাক (স.) এঁর মান ও শান রক্ষার জন্য সাংবাদিক, পুলিশ ও প্রশাসনের সংশ্লিষ্ঠদের সহযোগিতা কামনা করেন সংবাদ সম্মেলনকারীরা।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন জেলা উলামা পরিষদের সাধারণ সম্পাদক মাও. মুফতি হাফিজুর রহমান, সিনিয়র সহ সভাপতি মাও. শফিকুল ইসলাম ও মাও. খাদেমুল ইসলাম ও গাংনী দারুচ্ছালাম জামে মসজিদের ঈমাম হাফেজ

রুহুল আমিন।
অনুষ্ঠানে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন মাও. জাবের হোসেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন মাও. সাদেক আলী।

মুজিবনগরে ২’শ গ্রাম গাঁজাসহ দু’জন আটক

মুজিবনগরে ২’শ গ্রাম গাঁজাসহ দু’জনকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।
শুক্রবার বিকাল ৪ টার দিকে মুজিবনগর উপজেলার গৌরিনগর মসজিদ সংলগ্ন পুকুরের পাশে পাকা রাস্তার উপর থেকে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন, মুজিবনগর উপজেলার দারিয়াপুর দক্ষিন পাড়ার আশকার আলীর স্ত্রী ছাবিয়া আক্তার (৩২) ও মেহেরপুর সদর উপজেলার মেহেরপুর বামনপাড়ার রাজা মীরের ছেলে তাজু মীর (২৪)।
মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম জানান, গোপন সংবাদের ভিত্তিতে খবর পাওয়া যায় আসামিরা গাঁজা বিক্রির উদ্যেশে গৌরিনগর মসজিদের কাছে অবস্থান করছে।পরে এসআই সুব্রত কুমার পাল,এস আই মোমিনুর রহমান, এএস আই উজ্জল ও এএস আই মিরাজ সেখানে অভিযান চালায়। অভিযান চলাকালীন সময়ে আসামিদের গাঁজা সহ দেখতে পাওয়া যায়। এরপর তাদের কাছে তল্লাশী করে ২’শ গ্রাম গাঁজাসহ হাতেনাতে আটক করে থানায় নিয়ে আসা হয়। আসামীদের নামে মুজিবনগর থানায় মাদকের মামলার প্রস্তুতি চলছে।

মেহেরপুরে গাঁজাসহ মাদক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

[redacted]

উদ্বোধনী খেলায় ব্রাইট স্টার ক্লাব ৫ – ১ গোলে সততা ক্লাবকে হারিয়ে বিজয়ী হয়। খেলা পরিচালনা করেন সাঈদ জিকো।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে পৃথক অভিযানে ফেন্সিডিল ও ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে পৃথক অভিযান চালিয়ে ফেন্সিডিল ও ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ।

শুক্রবার বিকালে এ এস আই সেলিমের নেতৃত্বে অভিযান চালিনো হয় সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রামে। এসময় ৪ বোতল ফেন্সিডিলসহ মিন্টু নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটক মিন্টু একই গ্রামের মসজিদ পাড়ার আসাদুল গাজীর ছেলে।

অপরদিকে একইদিনে সদর উপজেলার গেভিপুর গ্রাম থেকে ৫ পিচ ইয়াবাসহ পলাশ নামের আরেক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। সদর থানা পুলিশের এস আই আব্দুল লতিফের নেতৃত্বে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক পলাশ সদর উপজেলার আমঝুপি গ্রামের মৃত জাফর আলীর ছেলে।

মেপ্র/এমএফআর

দেশে করোনায় আরও ৩৭ মৃত্যু,

আক্রান্ত ২৯৪৯

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩৭ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ২ হাজার ২৭৫ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ২ হাজার ৯৪৯ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৭৮ হাজার ৪৪৩ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৮৬২ জন এবং মোট সুস্থ ৮৬ হাজার ৪০৬ জন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

গাংনী, ভাটপাড়ায় জলাবদ্ধতার সৃষ্টি হয়ে জনদুর্ভোগে পড়েছে প্রায় অর্ধশত পরিবার

হঠাৎ আষাঢ়ের অবিরাম বৃষ্টিতে জলাবদ্ধতার সৃষ্টি হয়ে জনদুর্ভোগে পড়েছে মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের প্রায় অর্ধশত পরিবার। বৃহস্পতিবার সন্ধ্যা থেকে সারারাত ভারী বৃষ্টিতে জলাবদ্ধতা সৃষ্টি হয়।

স্থানীয়রা পানি নিষ্কাশন না করতে পারায় এ পর্যন্ত মানবেতর জীবনযাপন করছে পানিবন্দি মানুষ গুলো। স্থানীয়রা জানান, ভাটপাড়া গ্রামের উপর দিয়ে পাকা রাস্তা নির্মাণ করার সময় পানি নিষ্কাশনের জন্য রাস্তার মাঝখানে কালভার্ট ব্যবহার করার দাবি জানিয়েছিল এলাকাবাসী।

কিন্তু সড়ক ও জনপথ বিভাগ রাস্তা নির্মাণের সময় এলাকাবাসীর দাবি

তুচ্ছ ভেবে কালভার্ট না দিয়েই রাস্তা নির্মাণ কাজ শেষ করেন। সেই থেকেই গ্রামের এক অংশের মানুষ অল্প বৃষ্টি হলেই পানিবন্দি হয়ে পড়ে।

বৃহস্পতিবার দিনগত রাতে বৃষ্টি হওয়ায় অর্ধশত বাড়ি পানিবন্দি হয়ে পড়লে চরম দুর্ভোগ সৃষ্টি হয়।শুক্রবার সকালে এলাকাবাসী উপজেলা প্রশাসনকে মোবাইল ফোনে দুর্দশার কথা জানালে গাংনী উপজেলা নির্বাহি অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ ও উপজেলা এলজিইডি অফিসে কর্মরত একজন সহকারী প্রকৌশলী ঘটনাস্থলে এসে পানিবন্দি মানুষের দুর্দশা লাঘবের স্থায়ী সমাধানের প্রতিশ্রুতি দেন।

অপরদিকে পানিবন্দি হয়ে পড়া ভাটপাড়া গ্রামের অর্ধশত পরিবার পরিজন নিয়ে পানিবন্দি অবস্থায় মানবেতর জীবনযাপন করছেন।
গাংনী উপজেলা নির্বাহি অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ মেহেরপুর প্রতিদিনকে জানান, জনগণের জনদুর্ভোগ তুলে ধরে মেহেরপুর প্রতিদিন অনলাইনে খুব সকালেই লাইভ দেখে এবং স্থানীয়দের অভিযোগে ঘটনাস্থলে পৌঁছে পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে বলে এলাকাবাসী কে আশ্বস্ত করা হয়েছে।

বলিভিয়ার অন্তর্বর্তী প্রেসিডেন্ট আনেজ করোনায় আক্রান্ত

এবার করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন বলিভিয়ার অন্তর্বর্তী প্রেসিডেন্ট জিয়ানাইন আনেজ। এক টুইট পোস্টে বৃহস্পতিবার তিনি নিজেই এমন তথ্য নিশ্চিত করেছেন।

জিয়ানাইন আনেজ বলেন, আমার করোনা পরীক্ষার ফল পজিটিভ এসেছে। তবে আমি ভালো আছি। আইসোলেশনে থেকেই কাজ চালিয়ে যাব।

টুইটারে পোস্ট করা এক ভিডিওতে তিনি আরও বলেন, আরেকটি পরীক্ষা করার আগে আমি দুই সপ্তাহ কোয়ারেন্টিনে থাকব।-খবর এএফপির

কয়েক দিনের ব্যবধানে করোনায় আক্রান্ত হওয়া দক্ষিণ আমেরিকার দেশগুলোর মধ্যে দ্বিতীয় প্রেসিডেন্ট হলেন আনেজ। এর আগে ব্রাজিলের প্রেসিডেন্ট জাইর বোলসোনারো মঙ্গলবার এ প্রাণঘাতী মহামারীতে সংক্রমিত হওয়ার কথা জানিয়েছেন।

এ ছাড়া দক্ষিণ আমেরিকার আরেক সরকারি ঊর্ধ্বতন কর্মকর্তা ভেনিজুয়েলার সাংবিধানিক পরিষদের প্রেসিডেন্ট ডিওসডাডো কাবেলোও কোভিড-১৯ রোগে পজিটিভ এসেছেন।

দেশটির প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোর পরে তাকেই দ্বিতীয় প্রভাবশালী ব্যক্তি হিসেবে বিবেচনা করা হচ্ছে।

আর সাম্প্রতিক কয়েক দিনে আনেজের মন্ত্রিসভার চার সদস্যও ভাইরাসটিতে আক্রান্ত হয়েছেন। পূর্বসতর্কতা হিসেবে বুধবার সিনেট প্রেসিডেন্ট ইভা কোপা আইসোলেশনে চলে যান।

আনেজ বলেন, গত কয়েক সপ্তাহে অনেক লোকের করোনা পজিটিভের কথা বিবেচনায় নিয়ে আমি পরীক্ষা করেছি এবং তাতে পজিটিভ ফল এসেছে।

আগামী দুই মাসের মধ্যে সাধারণ নির্বাচন হতে যাচ্ছে বলিভিয়ায়। এর মধ্যেই দেশটির অন্তর্বর্তী প্রেসিডেন্টের করোনা আক্রান্তের খবর এসেছে।

সেপ্টেম্বরে নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে প্রথমে তিনি বিরোধিতা করলেও পরে তাতে রাজি হন। তিনি বলেছিলেন, করোনার কারণে এ নির্বাচন এক কিংবা দুই মাস স্থগিত রাখা উচিত।

কিন্তু পরবর্তী সময়ে সেই সিদ্ধান্ত থেকে তিনি সরে এসেছেন। বলিভিয়ার সমাজতন্ত্রী প্রেসিডেন্ট ইভো মোরালেস ক্ষমতা ছেড়ে দেশ থেকে পালিয়ে গেলে গত বছরের নভেম্বরের অন্তর্বর্তীকালীন সরকারের দায়িত্ব নেন রক্ষণশীল রাজনীতিবিদ আনেজ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]